



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

ফোনঃ  
০২-৮১৮০১৪৪  
ফ্যাক্সঃ  
০২-৮১৮৯০২৯


নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ১৩৪৪

তারিখঃ ৩০/০১/২০১৪ খ্রি:।

বিষয় : প্রাথমিক সমিতির উঠান বৈঠকে নিয়মিত উপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্প (IRESPPW) বর্তমানে অত্যন্ত সফল ও গতিশীলতার সহিত পরিচালিত হচ্ছে। প্রকল্পের এ কার্যক্রম সুদৃঢ় ও স্থায়ীভাবে পরিচালনার জন্য প্রাথমিক সমিতির উঠান বৈঠক অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ উঠান বৈঠকেই সুফলভোগী সদস্যদের বিভিন্ন সমস্যার সমাধান আলোচনাসহ ঋণ গ্রহণের আইজিএ নির্ধারণপূর্বক ঋণ অনুমোদন করা হয়। এ ক্ষেত্রে সফল উঠান বৈঠক অনুষ্ঠানের উপর প্রকল্পের সার্থকতা দৃঢ়ভাবে নির্ভরশীল এবং যে সমিতির উঠান বৈঠক যত সঠিক ও স্বচ্ছ নিয়মে অনুষ্ঠিত হবে, সে সমিতি তত সফলভাবে পরিচালিত হবে। আর এ উঠান বৈঠকে প্রকল্পের মাঠ সংগঠকের উপস্থিতি একান্ত আবশ্যিক। প্রাথমিক সমিতি পর্যায়ের সকল উঠান বৈঠকে প্রকল্পের মাঠ সংগঠক এবং প্রত্যেক মাঠ সংগঠকের আওতাধীনের ২৫% উঠান বৈঠকে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার উপস্থিতি বাধ্যতামূলক। এছাড়া প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণের এ ধরনের সভায় উপস্থিতি প্রকল্প বাস্তবায়নে অত্যন্ত সহায়ক। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক প্রকল্পের মাঠ সংগঠক ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে নিয়মিত উঠান বৈঠক আয়োজনসহ তা সফলভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

  
(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (IRESPPW)  
বাপউবো, ঢাকা।

মাঠ সংগঠক/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (IRESPPW)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

.....উপজেলা,

.....জেলা।

অনুলিপি( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাপউবো, -----উপজেলা, ----- জেলা।

২। সহকারী প্রোগ্রামার (IRESPPW), বাপউবো, ঢাকা ( প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩। উপ পরিচালক, বাপউবো, ..... জেলা।

৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।

৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।

৬। অফিস নথি/ সংশ্লিষ্ট নথি।